

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 12-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) শারদীয় দুর্গোৎসবের চতুর্থ দিনে আজ বিজয়া দশমী । সেইসাথে দশেরাও উদযাপিত হচ্ছে ।
- (২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিজয়া দশমী উপলক্ষে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।
- (৩) প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ প্রকল্প ২০২৪-এর জন্য নিবন্ধন প্রক্রিয়া আজ থেকে শুরু হয়েছে।
- (৪) আগামী সোমবার বিশালগড়েও কার্নিভালের জন্য প্রস্তুতি চলছে ।

Durga Puja & Dashera:

সারা দেশ জুড়ে আজ উদযাপিত হচ্ছে দশেরা - রাবন বধ ও রাবন দহন। আজ সার্বজনীন শারদীয়া দুর্গোৎসবের চতুর্থ দিন। আজ সকাল থেকেই মন্দিরে ও মন্ডপে মন্ডপে চলে মহা-নবমীর তিথি পূজো ও পুষ্পাঞ্জলি অর্পণ।

-----Sound Byte of Sonkkho-Dhak-Dhol-Kansor-----

সিদ্ধ পঞ্জিকা মতে গতকাল সকাল ৬টা ৪৮ মিনিট এর পরেই শুরু হয়ে যায় নবমী তিথি। ফলে, অষ্টমী ও নবমী'র সন্ধিক্ষণে সন্ধি পূজো হয়ে যাবার পর, গতকাল সন্ধ্যার আগেই অধিকাংশ মন্দির ও সার্বজনীন পূজো মণ্ডপে মহানবমীর পূজো চলে। এর আগে

সমস্ত ঐতিহ্যবাহী মন্দিরে গতকাল কুমারী পূজোরও আয়োজন করা হয়।

আজ সকালে নবমী তিথি শেষ হয়ে যাবার পরই বিভিন্ন মন্দির ও বারোয়ারি মণ্ডপে বিজয়াদশমী পূজো শুরু হয়ে যায় এবং দেবী মাকে বিদায় জানানোর পর্বও শুরু হয়ে যায়। তবে, তিথির বাইরে, সাধারণ লোকাচার অনুযায়ী আজ নবমী পূজোর ধারণা নিয়েই হাজার হাজার দর্শনার্থী পূজো দেখতে মণ্ডপে মণ্ডপে ভিড় করছেন। সকলের দিকে, আকাশে মেঘের গর্জন ও দুয়েক পশলা বৃষ্টি হলেও, দুপুরের পর থেকেই আবহাওয়া পরিষ্কার। ফলে, সন্ধ্যার পর আলোর রোশনাইয়ে স্নাত রাজধানী আগরতলা সহ রাজ্যের প্রায় সর্বত্র পূজো মন্ডপগুলিতে দর্শনার্থীদের ঢল নামে।

আজ অনেক মণ্ডপে, দশমী পূজো হয়ে গেলে, মহিলাদের দেখা যায় দেবী দুর্গাকে বরন করে সিদুর খেলায় মেতে উঠতে। বারোয়ারি পূজোর একাধিক কর্মকর্তা জানান, শাস্ত্র মতে দশমী পূজো হয়ে গেলেও, ব্যবহারিকভাবে বিজয়াদশমী, দেবী বরণ ও সিঁদুর খেলা, প্রতিমা নিরঞ্জন আগামীকালই সর্বাধিক দেখা যাবে। যদিও, অনেক স্থানে, বিশেষত পারিবারিক পূজোর প্রতিমা নিরঞ্জন আজই শুরু হয়ে গেছে।

এদিকে নিরঞ্জনের লক্ষ্যে আগরতলায় প্রভু বাড়ি ও দুর্গা বাড়ি প্রতিমা নিয়ে ইতিমধ্যে শহরে বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু হয়ে গেছে।

Dausera Ramlila:

আজ দশেরা উৎসবে আগরতলার দক্ষিণ বাধারঘাটে এনজিসি কমপ্লেক্সে এনজিসি কর্মীবৃন্দের উদ্যোগে সন্ধ্যায় রামলীলা ও রাবন বধের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন, মুখ্যসচিব জে কে সিনহা, পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার, ও এন জি সি ত্রিপুরা এসেটের এসেট ম্যানেজার কৃষ্ণ কুমার, উৎসব কমিটির সম্পাদক রাকেশ কুমার প্রমুখ।

রামলীলা ও দশেরা উৎসব দেখতে প্রচুর লোক সমাগম হয়। এখানে বিশাল আকৃতির রাবনের মূর্তি পোড়ানো হবে।

Puja at Unakoti District:

দুর্গাপূজা ঘিরে ঊনকোটি জেলার কুমারঘাট ও কৈলাশহরে যথেষ্ট উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়। গোটা ঊনকোটি জেলাতে এবছর সার্বজনীন পূজার সংখ্যা ১৮৮টি। বিগ বাজেটের পূজাগুলিতে থিম পূজার ছড়াছড়ি। প্রতিমা গঠনে রয়েছে বৈচিত্র্যতার ছোঁয়া। রয়েছে সুস্থ রুচিবোধের ছাপ। ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর পূজায় রয়েছে সাবেকিয়ানার ছাপ। আমাদের জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছে, ঊনকোটি জেলায় বিভিন্ন পূজা মন্ডপগুলোতে "বেটি বাঁচাও বেটি পড়াও", প্লাষ্টিক ও দূষণ নিয়ন্ত্রণ সহ গাছের চারা রোপণ করার আহ্বান জানিয়ে সচেতনতামূলক বার্তা দেওয়া হয়েছে। কুমারঘাটের দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাব, সুভাষ সংঘ, ইয়ুথ ক্লাব প্রভৃতি সার্বজনীন মন্ডপসজ্জায় রয়েছে অপূর্ব শিল্প-সুষমার ছাপ।

অন্যদিকে, কৈলাশহরের সংহতি সার্বজনীন পূজা, ভেনাস ক্লাব, প্রত্যয় সামাজিক সংস্থা, তাপসপল্লী সার্বজনীন, আই.টি.আই রোড পূজা কমিটির পূজা দর্শনার্থীদের আকর্ষণের কেন্দ্রবিন্দু। পূজার দিনগুলোতে শান্তি ও সুস্থিতি বজায় রাখতে গোটা ঊনকোটি জেলাজুড়েই ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা নিয়েছে আরক্ষা প্রশাসন।

Durga Puja- Gomati:

গোমতি জেলার সর্বত্র উৎসাহ উদ্দীপনার সঙ্গে দুর্গোৎসব উৎযাপন করা হচ্ছে। বিশেষ করে কিল্লা, আঠারোভোলা, মহারানী, লাভ স্টোরি, শামুখছড়া, হদ্রা, অম্পি, করবুক এলাকায় জনজাতিদের আয়োজিত দুর্গা পূজা মণ্ডপগুলি উৎসব মুখর ছিল ১ এছাড়াও সংখ্যালঘু অংশের সন্মিলিত উদ্যোগেও

গোমতি জেলায় বেশ কয়েকটি পূজা মণ্ডপ দূর্গা পূজার আয়োজন করা হয় ১

Durga Puja- Dhalai:

ধলাই জেলায় আজ প্রতিটি প্যান্ডেলে প্রথা অনুযায়ী দশমী পূজা সম্পন্ন হয়। প্রতিমা নিরঞ্জন হবে আগামীকাল। তবে অষ্টমীতে রাতভর পুন্যার্থীদের ভিড় ছিল প্রতিটি প্যান্ডেলে। জেলার প্রতিটি মহকুমাতেই মন্ডপগুলিতে উপচে পড়া ভিড় পরিলক্ষিত হয়। গতকাল রাতে ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ জেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেন। আজ রাতেও প্রতিটি পুজো মন্ডপে পুন্যার্থীদের ভিড় থাকবে।

Durga Puja- TRS:

খোয়াই রামচন্দ্র ঘাট ষষ্ঠ ব্যাটেলিয়ান টিএসআর ক্যাম্পের এ-বছর মুম্বাইয়ের ছত্রপতি শিবাজী রেলওয়ে স্টেশনের আদলে একশ কুড়ি ফুটের প্যান্ডেল তৈরি করে দশনাগার্থীদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করে। প্রতিদিন সন্ধ্যা থেকে গভীর রাত পর্যন্ত এই পুজো মন্ডপে হাজার হাজার পুন্যার্থীদের ভিড়।

Durga puja Sepahijala:

উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গোটা সিপাহীজলা জেলায় অতিবাহিত হচ্ছে শারদীয়া দূর্গোৎসব। তিথি অনুযায়ী দশমী শেষ হলেও আজ নবমীর আবহেই ভাসছে গোটা জেলার লোকজন। দুপুরের পর থেকেই মণ্ডপে মণ্ডপে পান, সুপারি, সিঁদুর ও রকমারি মিষ্টিতে শুরু হয়ে গেছে দূর্গা যাত্রার ধুম, মহিলাদের মধ্যে সিঁদুর খেলা। পুজোর দিনগুলির প্রতি রাতে বিশেষত বিশালগড়, সোনামুড়া ও মেলাঘরে প্রচুর মানুষের সমাগম লক্ষ্য করা যাচ্ছে। গভীর রাত পর্যন্ত লাইনে দাঁড়িয়ে ঠাকুর দর্শন

করছেন পুণ্যার্থীরা। রাস্তা-ঘাটেও প্রচুর মানুষের ভিড় পরিলক্ষিত হয়। সিপাহীজলা জেলায় অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে জানিয়েছেন পুজোকে কেন্দ্র করে এখনো পর্যন্ত গোটা জেলায় কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর নেই।

Bijoya Dashami :

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিজয়া দশমী উপলক্ষে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি এক শুভেচ্ছা বার্তায় বলেন, বিজয় দশমী, এটি অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের বিজয়ের উৎসব। এই উৎসব সত্য ও নৈতিকতার মূল্যবোধে আমাদের বিশ্বাসের প্রতীক।

প্রধানমন্ত্রী শুভেচ্ছা বার্তায় মা দুর্গা এবং প্রভু শ্রীরামের আশীর্বাদ সবার জীবনের প্রতিটি ক্ষেত্রে বিজয় কামনা করেন।

PM Internship scheme :

প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ প্রকল্প ২০২৪-এর জন্য নিবন্ধন প্রক্রিয়া আজ বিকেল ৫টা থেকে শুরু হয়েছে। এই বছরের বাজেটের আগে ঘোষিত, এই প্রকল্পটি ১২ মাসের, যাতে তরুণদের বাস্তব-জীবনের ব্যবসায়িক পরিবেশে অভিজ্ঞতা অর্জনে সহায়তা করা হবে। প্রধানমন্ত্রীর ইন্টার্নশিপ প্রকল্পের লক্ষ্য ভারতের শীর্ষ ৫০০টি কোম্পানিতে আগামী পাঁচ বছরে ২১ থেকে ২৪ বছর বয়সী দেশের এক কোটি যুবককে কাজের অভিজ্ঞতা প্রদান করা। পোর্টালে এ পর্যন্ত ১৯৩টি কোম্পানি প্রায় ৯১ হাজার ইন্টার্নশিপের সুযোগ দিয়েছে। এটি অনলাইন পোর্টাল pminternship.mca.gov.in এর মাধ্যমে বাস্তবায়িত হবে। একজন ইন্টার্ন ১২ মাসের জন্য মাসিক পাঁচ হাজার টাকা এবং

ছয় হাজার টাকা এককালীন অনুদান পাবেন। আগ্রহীরা আজ থেকে এই মাসের ২৫ তারিখ পর্যন্ত পোর্টালের মাধ্যমে ইন্টার্নশিপের জন্য আবেদন করতে পারবেন।

Pratima Niranjana, Sepahijala:

সোনামুড়া ও বিশালগড় মহকুমা সদরে চলছে ব্যাপক প্রস্তুতি। আগামী সোমবার কার্নিভালের মধ্যে দিয়ে বিশালগড়ে হবে প্রতিমা নিরঞ্জন। বিকেল ৫ টা থেকে মূল অনুষ্ঠান শুরু হবে বিশালগড় ব্রিজ চৌমুহনীতে। বিশালগড়ের মোট ১৫টি পুজো উদ্যোক্তা কমিটি ও ক্লাবের প্রতিমা এতে অংশগ্রহণ করতে পারে বলে জানিয়েছেন বিশালগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী। ব্রিজ চৌমুহনী থেকে নিচের বাজার হয়ে বিজয় নদের দশমী ঘাটে নিরঞ্জন করা হবে দুর্গা প্রতিমাগুলিকে। আগামীকাল সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশনের মাঠে প্রতি বছরের মতো এবারও আয়োজিত হবে দশমী মেলা। শোভাযাত্রা করে এখানে সোনামুড়া নগর এলাকার ১০ থেকে ১৫ টি ক্লাবের প্রতিমা আনা হবে। সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী জানিয়েছেন, ঢাকের তালে প্রতিমার সামনে দীর্ঘক্ষণ আনন্দ উদযাপনের পর গোমতী নদীর দশমী ঘাটে প্রতিমাগুলিকে নিরঞ্জন করা হবে। এবছর সোনামুড়ার এই দশমী ঘাটটিতে নিরঞ্জনের সুবিধার্থে নগর পঞ্চায়েতের উদ্যোগে নির্মাণ করা হয়েছে রুলিং স্লিয়ার।

আগামী সোমবার আগরতলাতেও মায়ের গমন তথা কার্নিভাল অনুষ্ঠিত হবে।

RSS:

আরএসএস প্রধান ডাঃ মোহন ভাগবত মহিলাদের বিরুদ্ধে নৃশংসতার জন্য দুঃখপ্রকাশ করে বলেছেন যে কলকাতার আরজি

কর হাসপাতালে লজ্জাজনক এবং অসম্মানজনক ঘটনা অপরাধ এবং রাজনীতির মধ্যে জড়িয়ে থাকার ফলাফল। শ্রী ভাগবত আজ সকালে নাগপুরে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ৯৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বিজয়াদশমীর মূল অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। তিনি শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক মূল্যবোধ প্রসারের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

Vinu Mankar Cricket :

ভিনু মান্‌কর ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের বালক বিভাগের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা পঞ্চম তথা গ্রুপের শেষ ম্যাচে বড় ব্যবধানে পরাজিত হয়েছে। আজ জয়পুরে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ২৭৩ রানে পাঞ্জাবের কাছে হেরে যায়। প্রথমে ব্যাট করে পাঞ্জাব নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ৩৪৩ রান করে। জবাবে রাজ্যদল ২৮ ওভার ৫ বল-এ সবকাটি উইকেট হারিয়ে মাত্র ৭০ রান করতে সক্ষম হয়।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট

নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-
আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই
আর নিউজ-এন্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-
এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে
আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ
আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।
